সিটিজেন চার্টার

**হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি**

নবীগঞ্জ জোনাল অফিস

নবীগঞ্জ, হবিগঞ্জ

টেলিফোন/ মোবাইল নম্বর সমুহঃ-

| | | |
|---|---|---|
| ১৫ | ডিজিএম, নবীগঞ্জ জোনাল অফিস | ০৮৩২৮-৫৬১৭৯ |
| | | ০১৭৬৯৪০০১৫৭ |
| ১৬ | এ জি এম (ও এন্ড এম), নবীগঞ্জ জোনাল অফিস | ০১৭৬৯৪০১২৪৫ |
| ১৭ | নবীগঞ্জ অভিযোগ কেন্দ্র | ০১৭৬৯৪০১২৩০ |
| | | ০৮৩২৮-৫৬০৭০ |
| ৩২ | আউশকান্দি অভিযোগ কেন্দ্র | ০১৭৬৯৪০১২৪০ |
| ৩৭ | এনায়েতগঞ্জ অভিযোগ কেন্দ্র | ০১৭৬৯৪০১২৩১ |
| ৩৮ | দেবপাড়া অভিযোগ কেন্দ্র | ০১৭৬৯৪০১২৩২ |
| ৪০ | ইমামবাড়ী অভিযোগ কেন্দ্র | ০১৭৬৯৪০১২৩৩ |
| ৪৯ | বংলাবাজার অভিযোগ কেন্দ্র | ০১৭১৬৪০২৬৫৮ |
| ৫১ | পানিউমদা অভিযোগ কেন্দ্র | ০১৭৬৯৪০৭৭৬৬ |

ইমেইল ঃ nabigonjzonal@yahoo.com

**ওয়েবসাইটঃ www.pbs.nabiganj.habiganj.gov.bd**

**এক অবস্থানের সেবা কেন্দ্র**

হবিগঞ্জ পবিস এর নবীগঞ্জ জোনাল অফিসের ''এক অবস্থানে সেবা'' কেন্দ্রে নতুন বিদ্যুৎ সংযোগ, বিদ্যুৎ বিভ্রাট/বিল/ মিটার সংক্রান্ত অভিযোগ,লাইন রুট স্থানান্তর, বিল পরিশোধের ব্যবস্থাসহ সকল ধরনের অভিযোগ জানানো যাবে এবং এতদসংক্রান্ত বিষয়ে তথ্য পাওয়া যাবে।

**নুতন সংযোগ গ্রহণ**

- অনলাইনে **www.pbs.habiganj.gov.bd** লগইন করে নতুন সংযোগের আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় দলিলাদি সহ নির্ধারিত আবেদন ফি পবিসের ক্যাশ কাউন্টারে জমা প্রদান করে জমা রশিদ সংগ্রহ করতে হবে।

- সমীক্ষা ফি জমা হওয়ার পর সদস্য সেবা বিভাগ কর্তৃক সাধারণত এক সপ্তাহের মধ্যে প্রাথমিক সমীক্ষা/যাচাই করে প্রযোজ্য ক্ষেত্রে স্থানীয় কারিগরি উপদেষ্টা প্রতিষ্ঠান কর্তৃক এক সপ্তাহের মধ্যে কারিগরি সমীক্ষার পর লাইন নির্মাণসহ সংযোগের জন্য ডিমান্ড নোট/প্রাক্কলন ইস্যু করা হয়।
- সকল ক্ষেত্রে সেচ, শিল্প ও টেলিযোগাযোগ টাওয়ারে সংযোগের ক্ষেত্রে ট্রান্সফরমার প্রয়োজন হলে গ্রাহক কর্তৃক তা সরবরাহ করতে হবে এবং লাইন নির্মাণ প্রয়োজন হলে স্প্যান হিসাবে লাইনের মূল্য পরিশোধ করতে হবে।
- প্রাক্কলন জমা হওয়ার পর প্রযোজ্য ক্ষেত্রে সাধারণত দুই মাসের মধ্যে লাইন নির্মাণের পর গ্রাহকের নিজ দায়িত্বে আভ্যন্তরীণ ওয়্যারিং সম্পন্নকরণ এবং তা পবিস কর্তৃক পরিদর্শন সাপেক্ষে আনুষাঙ্গিক কার্যাদি সম্পন্ন করে গ্রাহকের আঙ্গিনায় মিটার স্থাপন পূর্বক সংযোগ দেয়া হয়।
- সমীক্ষা ফিসহ আবেদনের পর কোন কারণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা সম্ভবপর না হলে যথাসম্ভব দ্রুত তার কারণ জানিয়ে আবেদনকারীকে অবহিত করা হয়।
- শুধুমাত্র সংযোগের ক্ষেত্রে সার্ভিস লাইন এর দৈর্ঘ্য ১৩০ ফুট হবে।
- সংযোগের পর পরবর্তী মাসের বিলিং সাইকেল অনুযায়ী গ্রাহকের প্রথম মাসের বিল জারি করা হয়।

- টানিয়ে দেয়া হয়।

**বিল সংক্রান্ত অভিযোগ**

বিল সংক্রান্ত যে কোন অভিযোগ যেমনঃ চলতি মাসের বিল পাওয়া যায়নি, বকেয়া বিল, অতিরিক্ত বিল ইত্যাদির জন্য ''এক অবস্থানে সেবা'' কেন্দ্রে যোগাযোগ করলে তাৎক্ষণিক সমাধান সম্ভব হলে তা নিষ্পত্তি করা হয়। অন্যথায় একটি নিবন্ধন নম্বর দিয়ে পরবর্তী যোগাযোগের সময় জানিয়ে দেয়া হয় এবং সাধারণত ০৭ (সাত) দিনের মধ্যে নিষ্পত্তির ব্যবস্থা নেয়া হয়।

**বিল পরিশোধ**

''এক অবস্থানে সেবা'' সংলগ্ন সমিতির নবীগঞ্জ জোনাল অফিস এলাকার নির্ধারিত ব্যাংক,এজেন্ট ব্যাংকিং এবং টেলিটক রিটেইলারগনের নিকট বিল পরিশোধ করতে পারবেন। এছাড়াও অফিসের ক্যাশ শাখায় মার্কেন্টাইল ব্যাংকে বিল জমা দেওয়া যাবে।

**বিদ্যুৎ বিভ্রাটের অভিযোগ**

অফিসের ''অভিযোগ কেন্দ্র'' অথবা সংশ্লিষ্ট এলাকার অভিযোগ কেন্দ্রে আপনার বিদ্যুৎ বিভ্রাটের অভিযোগ জানানো হলে আপনাকে অভিযোগ নম্বর ও নিষ্পত্তির সম্ভাব্য সময় জানিয়ে দেয়া হবে। অভিযোগ নম্বরের ক্রমানুসারে আপনার বিদ্যুৎ বিভ্রাট নিরসন করার লক্ষ্যে সাধারণত ২৪ ঘন্টার মধ্যে নিষ্পত্তির ব্যবস্থা নেয়া হয়। কোন কোন ক্ষেত্রে যদি নির্ধারিত সময়ে বিদ্যুৎ বিভ্রাট নিরসন করা সম্ভব না হয়, তার কারণ গ্রাহককে অবহিত করা হয়।

**বিদ্যুৎ সংযোগ প্রত্যাশীদের প্রতি নিবেদন**

০১। সরকার ২০১৮সালের মধ্যে ঘরে ঘরে বিদ্যুৎ পৌছে দেওয়ার অঙ্গীকার ব্যক্ত করেছেন। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এবং সমিতিগুলো সে লক্ষ্যে কাজ করছে। ধৈর্য্য ধারণ করে আমাদেরকে সহযোগিতা করুন।

০২। ডিপোজিট ওয়ার্ক ব্যতীত সকল ধরনের বিদ্যুৎ লাইন সরকারী খরচে নির্মাণ করে

পল্লী বিদ্যুৎ সমিতির মাধ্যমে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়। এর জন্য কাউকে কোন টাকা দিবেন না।

০৩। ডিপোজিট ওয়ার্ক ব্যতীত অন্যান্য লাইনের স্টেকিং, মালামালের মূল্য, মালামাল পরিবহন খরচ, পোল পোতা, তার টানাসহ যাবতীয় খরচ সরকার বহন করে। এজন্য কাউকে কোন টাকা দিবেন না।

০৪। শুধুমাত্র নির্ধারিত ফি পল্লী বিদ্যুৎ সমিতির অফিসের ক্যাশ শাখায় নিজে নগদ জমা দিবেন এবং রশিদ নিবেন। অনলাইনেও আবেদন করতে পারেন।

০৫। রশিদ ছাড়া কেউ কোন টাকা পয়সা চাইলে তা দিবেন না। টাকা যে চাইবে তার নাম, ঠিকানা প্রদর্শিত মোবাইল ফোনে/এসএমএস এর মাধ্যমে বা পত্র মারফত জানিয়ে দিবেন। আপনার পরিচয় গোপন রাখা হবে।

০৬। বিদ্যুৎ সংযোগ পাওয়ার জন্য কোন তদবির বা দালালের সহায়তার প্রয়োজন নেই। দালালদের ধরিয়ে দিন।

০৭। কোন লাইন আগে বা পরে নির্মাণের জন্য ভিলেজ ইলেকট্রিশিয়ান, গ্রাম উপদেষ্টা, উপদেষ্টা প্রতিষ্ঠান,ঠিকাদারী প্রতিষ্ঠান, দালাল ইত্যাদি কারো কোন ক্ষমতা নেই। নিয়মানুযায়ী মাষ্টার প্লানের ভিত্তিতে লাইন নির্মাণ ও সংযোগ প্রদান করা হয়।

০৮। দালাল ও দূর্নীতিবাজদের প্রতিরোধ করুন। দালাল ও দূর্নীতি মুক্ত বাংলাদেশ গড়তে সহায়তা করুন।

০৯। দুর্নীতি উন্নয়নের প্রধান অন্তরায়। আসুন দুর্নীতিকে প্রতিহত করি।

১০। মনে রাখবেন ঘুষদাতা ও ঘুষখোর উভইয় দোজগের আগুনে নিক্ষিপ্ত হবে।

## কিভাবে আপনার বিদ্যুৎ বিল কমাবেন ?

- আপনার বিদ্যুৎ বিল কমাতে হলে ;
    - রুম থেকে বের হওয়ার সময় বা বৈদ্যুতিক যন্ত্রপাতি যেমন লাইট, ফ্যান, কম্পিউটার, টেলিভিশন, ওভেন ইত্যাদি ব্যবহার শেষে স্ট্যান্ডবাই মোডে না রেখে সুইচ বন্ধ করুন;
    - এসি'র তাপমাত্রা ২৫° সেলসিয়াস এর উপরে রাখুন;
    - অপ্রয়োজনে আলোকসজ্জা ও বিদ্যুৎ অপচয় পরিহার করুন;
    - বিদ্যুৎ সাশ্রয়ী ভবন নির্মাণ করুন, প্রাকৃতিক আলো/ বাতাস ব্যবহার করুন;
    - আপনার সন্তানকে বিদ্যুতের সাশ্রয়ী ব্যবহার সম্পর্কে শিক্ষা দিন;
    - বিদ্যুৎ ব্যবহারে অপচয় রোধ করুন এবং অন্যকে বিদ্যুৎ ব্যবহারের সুযোগ দিন;
    - এলইডি/ সিএফএল বাল্বসহ বিদ্যুৎ সাশ্রয়ী ফ্যান, টেলিভিশন, ফ্রিজ, পানির পাম্প ও অন্যান্য যন্ত্রপাতি ব্যবহার করুন। কম বিদ্যুৎ ব্যবহারে কম বিল দিতে হবে;
    - দিনের বেলায় জানালা খোলা রেখে সূর্যের আলো ব্যবহার করুন;
    - নতুন সংযোগ প্রদানের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে কাগজপত্র জমার

      বিষয়টি সহজতর করা হয়েছেঃ

| | | | |
|---|---|---|---|
| ০১। আবাসিক/ বানিজ্যিক (এল.টি) সংযোগের ক্ষেত্রেঃ | | ০৩। সকল প্রকার শিল্প (এল. টি ) সংযোগের ক্ষেত্রেঃ | |
| ক | আবেদনকারীর স্বাক্ষর সম্বলিত যথাযথভাবে পূরনকৃত ০১কপি ছবিসহ আবেদনপত্র (মোবাইল নম্বর সহ) | ক | আবেদনকারীর স্বাক্ষর সম্বলিত যথাযথভাবে পূরনকৃত ০১কপি ছবিসহ আবেদনপত্র (মোবাইল নম্বরসহ) |
| খ | জমির দলিল অথবা পর্চা অথবা নাম জারীর কাগজ অথবা ভাড়ার চুক্তিপত্র অথবা পাওয়ার অফ এ্যাটোর্নি এর সত্যায়িত কপি । | খ | জমির দলিল অথবা পর্চা অথবা নাম জারীর কাগজ অথবা ভাড়ার চুক্তিপত্র অথবা পাওয়ার অফ এ্যাটোর্নি এর সত্যায়িত কপি । |
| গ | পূর্বে কোন স্থায়ী অথবা অস্থায়ী সংযোগ থাকলে সর্বশেষ পরিশোধিত বিলের ফটোকপি। | গ | পূর্বে কোন স্থায়ী/অস্থায়ী সংযোগ থাকলে সর্বশেষ পরিশোধিত বিলের ফটোকপি। |
| | মোট ০৩টি | ঘ | ট্রেড লাইসেন্স অথবা শিল্প নিবন্ধন সার্টিফিকেট এর সত্যায়িত কপি। |
| **০২। আবাসিক/ বানিজ্যিক (এইচ.টি) সংযোগের ক্ষেত্রেঃ** | | ঙ | লে-আউট প্ল্যানের কপি। |
| | | | মোট ০৫টি |
| ক | আবেদনকারীর স্বাক্ষর সম্বলিত যথাযথভাবে পূরনকৃত ০১কপি ছবিসহ আবেদনপত্র (মোবাইল নম্বর সহ) | **০৪। সকল প্রকার শিল্প (এইচ.টি ) সংযোগের ক্ষেত্রেঃ** | |
| খ | জমির দলিল অথবা পর্চা অথবা নাম জারীর কাগজ অথবা ভাড়ার চুক্তিপত্র অথবা | ক | আবেদনকারীর স্বাক্ষর সম্বলিত যথাযথভাবে পূরনকৃত ০১কপি ছবিসহ আবেদনপত্র (মোবাইল নম্বরসহ) |

| | | | | |
|---|---|---|---|---|
| | পাওয়ার অফ এ্যাটোর্নি এর সত্যায়িত কপি। | | | |
| গ | পূর্বে কোন স্থায়ী/অস্থায়ী সংযোগ থাকলে সর্বশেষ পরিশোধিত বিলের ফটোকপি। | খ | জমির দলিল অথবাপর্চা অথবা নাম জারীর কাগজ অথবা ভাড়ার চুক্তিপত্র অথবা পাওয়ার অফ এ্যাটোর্নি এর সত্যায়িত কপি। | |
| মোট ০৩ টি | | গ | পূর্বে কোন স্থায়ী/অস্থায়ী সংযোগ থাকলে সর্বশেষ পরিশোধিত বিলের ফটোকপি। | |
| ** আবাসিক সংযোগ ০৭ দিনে এবং শিল্প সংযোগ ২৮ দিনে সংযোগ (সার্ভিস ড্রপ ১৩০ ফুট এর আওতায়) | | ঘ | ট্রেড লাইসেন্স অথবা শিল্প নিবন্ধন সার্টিফিকেট এর সত্যায়িত কপি। | |
| | | ঙ | প্রস্তাবিত উপকেন্দ্রের লে-আউট ও সিঙ্গেল লাইন ডায়াগ্রাম | |
| | | | মোট ০৫ টি | |

**অবৈধ বিদ্যুৎ ব্যবহার থেকে বিরত থাকুন অবৈধ বিদ্যুৎ ব্যবহার. মিটার হস্তক্ষেপ, বাইপাস, বিনা অনুমতিতে সংযোগ গ্রহণ ইত্যাদি ক্ষেত্রে আইনগত ব্যবস্থা**

বিদ্যুৎ আইনের [ Electricity Act, 2018"] **৩২** ধারার ১ ও ২ অনুসারে বাসগৃহ বা কোনস্থানে, শিল্প ও বাণিজ্যিক ব্যবহারের উদ্দেশ্যে বিদ্যুৎ চুরি করিলে অনধিক ৩ (তিন) বৎসর কারাদন্ড অথবা চুরিকৃত বিদ্যুতের মূল্যের দ্বিগুণ অথবা ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদন্ড অথবা উভয় দন্ডের বিধান রয়েছে।

৩৫ ধারা অনুসারে এ ক্ষেত্রে অবৈধভাবে বিদ্যুৎ কেন্দ্র বা উপকেন্দ্র বা স্থাপনার কোন বৈদ্যুতিক যন্ত্রপাতি/ সিস্টেমের বৈদ্যুতিক সরঞ্জামাদী (পোল,ট্রান্সফরমার, কন্ডাক্টর,বৈদ্যুতিক তার,ইত্যাদি চুরি , অপসারণ) বিনষ্ট করিলে তজ্জন্য অন্যূন ২ (দুই) বৎসর এবং অনধিক ৫ (পাঁচ) বৎসর কারাদন্ড এবং অন্যূন ৫০ (পঞ্চাশ হাজার এবং অনধিক ৫ (পাঁচ )লক্ষ টাকা অর্থদন্ডে দন্ডনীয় হইবে।

**পার্শ্ব সংযোগ**

কোন গ্রাহক কোন অবস্থাতেই পার্শ্বসংযোগ দিতে/গ্রহণ করতে পারবেন না। পার্শ্বসংযোগের আলামত পাওয়া গেলে পবিস-এর বিধান মোতাবেক জরিমানা আরোপ ও পার্শ্ব সংযোগের ফলে পবিস-এর বিতরণ ব্যবস্থার কোন সরঞ্জামাদি নষ্ট হলে তার ১০০% মূল্য আদায় সহ আইনগত ব্যবস্থা নেয়া হবে।

**শ্রেণী ভিত্তিক বিদ্যুতের বিদ্যমান মুল্যহার**

| ক) নিম্নচাপ (এলটি)ঃ ২৩০/৪০০ ভোল্ট<br><br>অনুমোদিত লোডঃ সিঙ্গেল ফেজ ০-৭.৫কি,ও এবং তিন ফেজ ০-৫০কি,ও | | | |
|---|---|---|---|
| ক্রঃ নং | গ্রাহক শ্রেণি | প্রতি ইউনিট মূল্য (টাকা) | ডিমান্ড রেট/ চার্জ {(টাকা/কিঃওঃ/(অনুমোদিত লোড)/মাস} |
| ০১ | এলটি এঃ আবাসিক | | ২৫.০০ |
| | লাইফ লাইনঃ ০ হতে ৫০ ইউনিট | ৩.৫০ | |
| | (ক) প্রথম ধাপঃ ০ হতে ৭৫ ইউনিট | ৪.০০ | |

| | | | |
|---|---|---|---|
| | (খ) দ্বিতীয় ধাপঃ৭৬ হতে ২০০ ইউনিট | ৫.৪৫ | |
| | (গ) তৃতীয় ধাপঃ২০১ হতে ৩০০ ইউনিট | ৫.৭০ | |
| | (ঘ) চতুর্থ ধাপঃ ৩০১ হতে ৪০০ ইউনিট | ৬.০২ | |
| | (ঙ) পঞ্চম ধাপঃ ৪০১ হতে ৬০০ ইউনিট | ৯.৩০ | |
| | (চ) ষষ্ঠ ধাপঃ ৬০১ হতে তদুর্ধ্ব | ১০.৭০ | |
| ০২ | এলটি-- বিঃ সেচ/ কৃষিকাজে ব্যবহৃত পাম্প | ৪.০০ | ১৫.০০ |
| ০৩ | এলটি-- সি- ১◌ঃ ক্ষুদ্র শিল্প (ফ্ল্যাট) | ৮.২০ | ২৫ কিঃ ওঃ পর্যন্ত<br>১৫.০০<br>২৫ কিঃওঃএর উর্ধ্বে ২৫.০০ |
| ০৪ | এলটি-- সি-২◌ঃ নির্মাণ | ১২.০০ | ৮০.০০ |
| ০৫ | এলটি-- ডি -১◌ঃ শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল | ৫.৭৩ | ২৫.০০ |
| ০৬ | এলটি-- ডি -২◌ঃ রাস্তার বাতি, পানির পাম্প ওব্যাটারি চার্জিং স্টেশন | ৭.৭০ | ৪০.০০ |
| ০৭ | এলটি-- ইঃ বাণিজ্যিক ও অফিস (ফ্ল্যাট) | ১০.৩০ | ৩০.০০ |
| ০৮ | এলটি-- টিঃ অস্থায়ী | ১৬.০০ | ১০০.০০ |
| খ) মধ্যমচাপ (এমটি)◌ঃ ১১ কেভি<br>অনুমোদিত লোড ◌ঃ ৫০কি,ও থেকে সর্বাধিক ০৫মে,ও, | | | |
| **০১** | এমটি -১◌ঃ আবাসিক (ফ্ল্যাট) | ৮.০০ | ৫০.০০ |
| ০২ | এমটি -২◌ঃ বাণিজ্যিক ও অফিস (ফ্ল্যাট) | ৮.৪০ | ৫০.০০ |
| ০৩ | এমটি -৩◌ঃ শিল্প (ফ্ল্যাট) | ৮.১৫ | ৫০.০০ |
| ০৪ | এমটি -৪◌ঃ নির্মাণ (ফ্ল্যাট) | ১১.০০ | ৮০.০০ |
| ০৫ | এমটি -৫◌ঃ সাধারণ (ফ্ল্যাট) | ৮.০৫ | ৫০.০০ |
| ০৬ | এমটি- ৬◌ঃ অস্থায়ী (ফ্ল্যাট) | ১৫.০০ | ১০০.০০ |
| গ) উচ্চচাপ (এইচটি)◌ঃ ৩৩ কেভি, অনুমোদিত লোডঃ ৫মে,ও থেকে সর্বাধিক ৩০মে,ও, | | | |

| | | | |
|---|---|---|---|
| ০১ | এইচটি -১ঃ সাধারণ (ফ্ল্যাট) | ৮.০০ | ৪০.০০ |
| ০২ | এইচটি -২ঃ বাণিজ্যিক ও অফিস(ফ্ল্যাট) | ৮.৩০ | ৪০.০০ |
| ০৩ | এইচটি -৩ঃ শিল্প (ফ্ল্যাট) | ৮.০৫ | ৪০.০০ |
| ০৪ | এইচটি -৪ঃ নির্মাণ (ফ্ল্যাট) | ১০.০০ | ৪০.০০ |
| | | | |

পিক সময়ঃ বিকাল ৫টা থেকে রাত ১১ টা পর্যন্ত।
অফ পিক সময়ঃ রাত ১১টা থেকে পরদিন বিকাল ৫টা পর্যন্ত।

**নতুন সংযোগের আবেদন ফি**

| | লোড | | স্থায়ী | অস্থায়ী |
|---|---|---|---|---|
| নতুন সংযোগের আবেদন ফি (প্রতিটি মিটারের জন্য) | ০থেকে ৫০কিঃ ওঃ | ক) এক ফেজ | ১০০ | ২৫০ |
| | | খ) তিন ফেজ | ৩০০ | ৫০০ |
| | এমটি এবং এইচটি | | ১০০০ | ১০০০ |
| | ইএইচটি | | ২০০০ | ২০০০ |
| | | | | |

**আবাসিক, বাণিজ্যিক, দাতব্য প্রতিষ্ঠান শিল্পে নতুন বিদ্যুৎ সংযোগের জামানতঃ**

| নতুন সংযোগ এবং অনুমোদিত লোড সংশোধনের ক্ষেত্রে নিমেণাক্ত হারে নিরাপত্তা জামানত প্রযোজ্য হবেঃ | | | |
|---|---|---|---|
| গ্রাহক শ্রেণি | | অনুমোদিত লোড সীমা (কি.ও.) | জামানতের হার (টাকা./কি.ও.) |
| ১ | আবাসিক/সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প | ২ কি.ও. পর্যমত্ম | ৪০০ |
| ২ | আবাসিক এবং সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প | ২ কি.ও. এর উর্ধ্বে | ৬০০ |
| ৩ | ক্ষুদ্র শিল্প/নির্মাণ/ শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল/ রাসত্মার বাতি/পানির পাম্প/ব্যাটারী | সকল | ৮০০ |

| | | | |
|---|---|---|---|
| | চার্জিং স্টেশন/ বাণিজ্যিক ও অফিস/ অস্থায়ী | | |
| ৪ | ৫০কি.ও. থেকে ৩০মে.ও. | সকল | ১০০০ |

**অস্থায়ী বিদ্যুৎ সংযোগঃ**

* মেলা. অনন্দমেলা, নির্মাণাধীন সাইট যেমন রাস্তা, ব্রীজ ইত্যাদিতে অস্থায়ী সংযোগ গ্রহণ করতে পারবেন। নির্মাণাধীন বাড়ী, শিল্প প্রতিষ্ঠান এবং কমপ্লেক্স এর ক্ষেত্রে অস্থায়ী সংযোগ প্রযোজ্য নয়। অস্থায়ী সংযোগ কখনও স্থায়ী সংযোগে রূপান্তরিত করা যাবে না। এ জাতীয় সংযোগ ক্ষেত্রে প্রযোজ্য সকল মালামালের তালিকা মূল্যের ১১০%, চাহিত সময়কালের সম্ভাব্য বিদ্যুৎ বিল (শিল্প রেটে) এবং সংযোগ ও বিচ্ছিন্নকরণ ফি অগ্রিম প্রদান করতে হবে। অস্থায়ী সংযোগের জন্য আলাদা ট্রান্সফরমার স্থাপন ও অপসারণ খরচসহ ট্রান্সফরমার ভাড়াও অগ্রিম প্রদান করতে হবে। মেয়াদান্তে সংযোগ বিচ্ছিন্ন হওয়ার পর মালামাল ভাল থাকা সাপেক্ষে ব্যবহারযোগ্য মালামালের ১০০% মূল্য গ্রাহককে ফেরত দেয়া হবে। অন্যথায় ক্ষতিগ্রস্থ মালামালের মূল্য কর্তন করতঃ অগ্রিম গৃহীত অর্থ সমন্বয় করা হবে।

**গ্রাহকের নাম পরিবর্তন পদ্ধতি**

নির্ধারিত ফি সহ গ্রাহক ক্রয়সূত্রে/ ওয়ারিশ সূত্রে/ লিজ সূত্রে জায়গা বা প্রতিষ্ঠানের মালিক হলে উপরে বর্ণিত প্রযোজ্য সকল দলিলের সত্যায়িত ফটোকপি, প্রযোজ্য হারে জামানত ও ফি গ্রহণ সাপেক্ষে (সাধারণত ০৭ দিনের মধ্যে) নাম পরিবর্তন কার্যকর করা হয়।

**মালিকানা পরিবর্তন সংক্রান্ত ফিঃ-**

| ক্রমিক নং | গ্রাহক শ্রেণী | অফেরতযোগ্য ফি-এর পরিমাণ (টাকা) |
|---|---|---|
| ০১ | সকল ৩ ফেজ সংযোগের জন্য | ১০০০.০০ |
| ০২ | সকল ১ ফেজ সংযোগের জন্য (শিল্প এবং সেচ) | ৫০০.০০ |
| ০৩ | সকল বাণিজ্যিক সংযোগের জন্য | ২০০.০০ |
| ০৪ | সকল আবাসিক সংযোগের জন্য | ১০০.০০ |

আইএসও 9001:2015 সনদ অর্জন

শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম বাস্তবায়ন

<u>সাম্প্রতিকতিক কর্মকাণ্ড</u>

_মাননীয় প্রধানমন্ত্রীর গৃহীত আশ্রয়ণ প্রকল্পে বিদ্যুৎ সংযোগ প্রদান

<u>ভবিষ্যৎ পরিকল্পনা</u>

মন্ত্রনালয় ও বিদ্যুৎ বিভাগ কতৃক গৃহীত সকল নির্দেশনা ও প্রকল্প বাস্তবায়ন